

**বাক্বিতে ভেটেরিনারি
বৈজ্ঞানিক সম্মেলন শুরু**

● বাক্বি সংবাদনাতা
মুহম্মদসিংহে অবস্থিত বাংলাদেশ
কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাক্বি)
বাংলাদেশ পোসাইটি ফর
ভেটেরিনারি এডুকেশন অ্যান্ড
রিসার্চের (বিএসভিআর) ২০তম
বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধনী
সুনিবার অনুষ্ঠিত হয়েছে।
বিশ্ববিদ্যালয়ের শিক্ষাচার্য জহ্ননুল
আবেদিন মিলনায়তনে উদ্বোধনী
অনুষ্ঠানে বিএসভিআরের সভাপতি
অধ্যাপক ড. মো. মোতাহের
হোসেন মওলের সভাপতিত্বে প্রধান
অতিথি ছিলেন বাক্বি উপাচার্য
অধ্যাপক ড. মো. রফিকুল হক।
বিশেষ অতিথি ছিলেন প্রাণিসম্পদ
অধিদফতরের মহাপরিচালক ড.
শহীদুল ইসলাম, ভেটেরিনারি
অনুষদের ডিন অধ্যাপক ড. মো.
গোলাম শাহি আলম, জাতিসংঘের
এফএও কর্মকর্তা ড. ম্যাট
ইয়েম্যাগি, ইউজিসি অধ্যাপক ড.
মোজাহিদ উদ্দিন আহমেদ,
বিএসভিআরের সাধারণ সম্পাদক
অধ্যাপক ড. মো. বাহানুর রহমান,
অ্যাডভান্স অ্যানিমেল সায়েন্স
কোম্পানি লিমিটেডের পরিচালক ড.
মনজুর মোর্শেদ, অধ্যাপক ড. মো.
হাসানুজ্জামান তালুকদার, অধ্যাপক
ড. মাহবুব মোস্তফা। দু'দিনব্যাপী এ
সম্মেলনে ভেটেরিনারি শিক্ষা ও
গবেষণার ওপর ৯০টি বৈজ্ঞানিক
প্রবন্ধ উপস্থাপন করা হবে।